# ইসকনের বহিষ্কৃত নেতা চিন্ময় কৃষ্ণ দাসের জামিন বিষয়ে হাইকোর্টের গুরুত্বপূর্ণ রুল জারি



সংগৃহীত ছবি

ইসকনের বহিষ্কৃত নেতা চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন কেন দেওয়া হবে না তা জানতে চেয়ে হাইকোর্ট রুল জারি করেছে। পাঁচ মামলায় করা এ আবেদনের বিষয়ে আগামী অক্টোবর মাসে শুনানি হবে।

ইসকনের বহিষ্কৃত নেতা চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর জামিন নিয়ে হাইকোর্ট রুল জারি করেছে। সোমবার (১ সেপ্টেম্বর) বিচারপতি কেএম জাহিদ সারওয়ার এবং বিচারপতি মো. সাইফুল ইসলামের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালত জানতে চেয়েছেন, পাঁচ মামলায় কেন তাকে জামিন দেওয়া হবে না।

চিন্ময় কৃষ্ণ দাসের পক্ষে আইনজীবী অপূর্ব কুমার ভট্টাচার্য এ তথ্য নিশ্চিত করেছেন। আগামী অক্টোবর মাসে রুলের ওপর শুনানি অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, চট্টগ্রামের কোতোয়ালী থানায় দায়ের হওয়া রাষ্ট্রদ্রোহ মামলায় গত বছরের ২৫ নভেম্বর রাতে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেফতার করে ডিএমপির গোয়েন্দা শাখা (ডিবি)। তিনি সনাতনী জাগরণ জোটের মুখপাত্র হিসেবেও পরিচিত ছিলেন।

LENS ASIA